

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯২৭

পানিসাগর, ৩০ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা

পানিসাগর রাজ্যে গ্রামপঞ্চায়েত ভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে পানিসাগর রাজ্যের অন্তর্গত চন্দ্রহালাম পাড়া ভিসি, অগ্নিপাশা ও দক্ষিণ পানিসাগর গ্রামপঞ্চায়েতে নিয়ে গ্রামপঞ্চায়েত ভিত্তিক বিকাশ শিবির গতকাল শুরু হয়েছে। অগ্নিপাশা গ্রামপঞ্চায়েতের অন্তর্গত বালকমনি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত দু'দিনব্যাপী শিবিরের উদ্বোধন করেন বিধায়ক বিনয়ভূষণ দাস। শিবিরের উদ্বোধন করে বিধায়ক শ্রীদাস বলেন, সরকারি বিভিন্ন প্রকল্প ও পরিষেবাগুলি প্রতিটি মানুষের কাছে সঠিকভাবে পৌছে দেওয়ার লক্ষ্যে এই শিবিরের আয়োজন করা হচ্ছে। তিনি সমাজের সকল অংশের জনগণকে এই সমস্ত শিবিরগুলিতে অংশগ্রহণ করার জন্য এবং সরকারি সকল পরিষেবাগুলির সুযোগ গ্রহণ করার জন্য আহ্বান জানান। স্বাগত বক্তব্য রাখেন পানিসাগর রাজ্যের বিভিন্ন নবৰত দত্ত। অন্যান্যদের মধ্যে উপস্থিতি ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য, বিভিন্ন গ্রামপঞ্চায়েতের প্রধান ও উপপ্রধানগণ সহ বিভিন্ন দপ্তরের অধিকারিকগণ। শিবিরে চিআরএলএম-এর পক্ষ থেকে রাজ এলাকার তিনটি স্বসহায়ক দলকে আর্থিক সহায়তা, পিএমএওয়াই-জি প্রকল্পে ১০ জন সুবিধাভোগীদের মধ্যে সার্টিফিকেট, শ্রম দপ্তরের পক্ষ থেকে ই-শ্রম কার্ড প্রদান করা হয়। বিকাশ শিবিরে পানিসাগর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে পিআরটিসি, ইনকাম, এসসি, এসটি, ওবিসি সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ সহ আধার কার্ড নিবন্ধনের ও সংশোধন করা হয়।
